

বাংলাদেশ হাইকমিশন ক্যানবেরা

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে একুশে একাডেমী অস্ট্রেলিয়া ইনক্ কর্তৃক ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধার নিদর্শন স্বরূপ এশফিল্ড পার্কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের নিমিত্তে একটি স্থায়ী স্মৃতিসৌধ নির্মাণের জন্য বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অংডঃ ১০,০০০/(দশ হাজার) অনুদান দেয়ার সদয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এই অনুদানের চেক অচিরেই মান্যবর রাষ্ট্রদূত এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে একুশে একাডেমী অস্ট্রেলিয়া ইনক এর কার্যকরী কমিটির সদস্যদের হাতে হস্তান্তর করবেন বলে আশা করা যায়।

এখানে উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রীর সক্রিয় সহায়তায় সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে জাপানের রাজধানী টোকিওতে ভাষা শহীদদের সুরনে একটি শহীদ মিনার স্থাপিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া তাঁর আসন্ন জাপান সফরকালে উক্ত শহীদ মিনারের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন বলে আশা করা হচ্ছে।